



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd



স্মারক নং-৮০.০০.০০০০.১০৩.১১.০০৩.২৪- ১৫৭

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয় : আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের “সহকারী সচিব (ডাফটিং)” (৯ম গ্রেড) পদে লিখিত পরীক্ষার কেন্দ্র, সময়সূচি, আসন ব্যবস্থা ও নির্দেশাবলি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের “সহকারী সচিব (ডাফটিং)” (৯ম গ্রেড) পদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

কেন্দ্র: মাল্টিপারপাস হল ও নন-ক্যাডার ভল্ট রুমের সামনে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

পদের নাম, বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও বিজ্ঞপ্তির তারিখ	বিষয় ও বিষয় কোড	পরীক্ষার তারিখ ও দিন	সময়	রেজিস্ট্রেশন নম্বর ও প্রার্থীর সংখ্যা
সহকারী সচিব (ডাফটিং) (৯ম গ্রেড) বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৮৭ বিজ্ঞপ্তির তারিখ: ২৫- ০৩-২০২৫	প্রথম পত্র: ক অংশ- সাধারণ বাংলা----- (১০১) খ অংশ- সাধারণ ইংরেজি----- (১০২)	২৫-১০-২০২৬ রবিবার	বেলা ১২.০০ ঘটিকা থেকে বিকাল ৩.০০ ঘটিকা (৩ ঘণ্টা; ১০০ নম্বর)	000002 থেকে 800099 = ৪১০ জন
	দ্বিতীয় পত্র: 'ক' অংশ:- বাংলাদেশ বিষয়সমূহ (১০৪) 'খ' অংশ:- আন্তর্জাতিক বিষয়সমূহ 'গ' অংশ:- প্রাথমিক গণিত ----- (১০৩) 'ঘ' অংশ:- দৈনন্দিন বিজ্ঞান----- (১০৫)	২৭-১০-২০২৬ মঙ্গলবার	বেলা ১২.০০ ঘটিকা থেকে বিকাল ৩.০০ ঘটিকা (৩ ঘণ্টা; ১০০ নম্বর)	
	প্রথম পত্র: দেওয়ানি মামলা সংক্রান্ত আইন----- (১০৬)	২৯-১০-২০২৬ বৃহস্পতিবার	বেলা ১২.০০ ঘটিকা থেকে বিকাল ৩.০০ ঘটিকা (৩ ঘণ্টা; ১০০ নম্বর)	
	দ্বিতীয় পত্র: ফৌজদারি মামলা সংক্রান্ত আইন----- (১০৭)	০১-১১-২০২৬ রবিবার	বেলা ১২.০০ ঘটিকা থেকে বিকাল ৩.০০ ঘটিকা (৩ ঘণ্টা; ১০০ নম্বর)	
	তৃতীয় পত্র: আন্তর্জাতিক চুক্তি ও আন্তর্জাতিক আইন----- (১০৮)	০২-১১-২০২৬ সোমবার	বেলা ১২.০০ ঘটিকা থেকে বিকাল ৩.০০ ঘটিকা (৩ ঘণ্টা; ১০০ নম্বর)	
	চতুর্থ পত্র: সাংবিধানিক আইন এবং আইনের ব্যাখ্যা---- (১০৯)	০৪-১১-২০২৬ বুধবার	বেলা ১২.০০ ঘটিকা থেকে বিকাল ৩.০০ ঘটিকা (৩ ঘণ্টা; ১০০ নম্বর)	

ক্রমশঃ/২

পরীক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলি

২. ক. পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিটের কম সংখ্যার হলে বাম দিকের ঘর/ঘরগুলো ০ (শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নীচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।
- খ. প্রবেশপত্রের নীচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে। পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘন্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- গ. প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিস্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে স্বাক্ষর একই হতে হবে।
- ঘ. **বিজ্ঞাপনের শর্ত অনুযায়ী “সহকারী সচিব (ড্রাফটিং)”** (৯ম গ্রেড) পদের প্রার্থীদের ১০০ নম্বরের ৩ ঘন্টাব্যাপী ৬ (ছয়) দিন ধরে ৬০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা নিষিদ্ধ। প্রাথমিক গণিত বিষয়ে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
- ঙ. পরীক্ষার্থীদের প্রতিটি বিষয়ের জন্য আলাদা আলাদা উত্তরপত্র প্রদান করা হবে। প্রথম ভাগ সাধারণ বিষয়সমূহ- প্রথমপত্র: (সাধারণ বাংলা ও সাধারণ ইংরেজি) দ্বিতীয় পত্র: (বাংলাদেশ বিষয়সমূহ, আন্তর্জাতিক বিষয়সমূহ, প্রাথমিক গণিত ও দৈনন্দিন বিজ্ঞান) এবং দ্বিতীয় ভাগ আইন বিষয়সমূহ- প্রথমপত্র, দ্বিতীয়পত্র, তৃতীয়পত্র ও চতুর্থপত্র বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- চ. ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষার হলে পরীক্ষার্থীগণ গহণা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিস্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ছ. পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।
- জ. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শুতিলেখক প্রয়োজন তাদের ১৫-১০-২০২৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) শুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-১৮ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে আবেদনপত্র বিবেচনায় বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শুতিলেখককে ছবি সংবলিত অনুমতি পত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।
- ঝ. কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ প্রার্থীদের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের “সহকারী সচিব (ড্রাফটিং)” (৯ম গ্রেড) পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।
- ঞ. কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- ট. কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

স্বাক্ষর

৩. ক. পরীক্ষা চলাকালীন বহিরাগত কেউ যেন কোনোভাবেই পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে সে বিষয়টি পরীক্ষা হলের প্রবেশ পথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ নিশ্চিত করবেন।
- খ. কমিশন ঘোষিত নিষিদ্ধ সামগ্রী নিয়ে কোনো পরীক্ষার্থী যেন পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে, সে জন্য হল কর্তৃপক্ষ এবং কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতিতে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ পরীক্ষা হলের প্রবেশ পথে প্রার্থীদের মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশিপূর্বক হলে প্রবেশের বিষয়টি নিশ্চিত করবেন।
- গ. পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য/সাংবাদিক/গোয়েন্দা সংস্থার সদস্য, পিএসসির প্রতিনিধি বা অন্য কোনো পরিচয় দিয়ে কোনো ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলসমূহে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করবেন। কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধান তার পরিচয় সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হবেন এবং প্রয়োজনে প্রবেশের অনুমতি প্রদান করবেন।
৪. এ বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd তে পাওয়া যাবে।

০৭/১০/২০২৬
(মোঃ মাহফুজুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(চলতি দায়িত্ব)